



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের
আর্থিক সহায়তা প্রদান নীতিমালা, ২০১৯

আইন অধিশাখা
জুলাই, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের
আর্থিক সহায়তা প্রদান নীতিমালা, ২০১৯

আইন অধিশাখা
জুলাই, ২০১৯

মুখবন্ধ

বাংলাদেশের অর্থনীতিতে মৎস্য সেক্টরের গুরুত্বপূর্ণ অবদান আছে। দেশের প্রায় ১.২৫ কোটি লোক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে মৎস্য উপ-খাতের উপর নির্ভরশীল। জেলে পরিবারগুলো আর্থিকভাবে সচ্ছল নয়। ফলে নৌকাসহ মাছ ধরার সরঞ্জামাদি ক্রয় করতে গিয়ে ঋণগ্রস্ত হয়ে পড়ে। তারা জীবনের ঝুঁকি নিয়ে প্রাকৃতিক দুর্যোগ উপেক্ষা করে অনেক সময় নদী ও সমুদ্রে মাছ ধরে। মাছ ধরার সময় নদী ও সমুদ্রে ঝড়-জলোচ্ছ্বাসের মতো প্রাকৃতিক দুর্যোগে নৌকা ও মাছ আহরণের সরঞ্জামাদি ডুবে যাওয়াসহ জেলেদের প্রাণহানির ঘটনা ঘটে। আবার কখনও কখনও জলদস্যু বা হিংস্র বন্যপ্রাণী ও জলজ প্রাণীর আক্রমণের শিকার হয়। ফলে আক্রান্ত ও জখমপ্রাপ্ত জেলেরা অঞ্জহানির কারণে জীবিকা অর্জনে অক্ষম হয়ে পড়ে, এমনকি মৃত্যুবরণও করে। অক্ষম জেলে ও মৃত জেলে পরিবারের আর্থিক সংগতি না থাকার কারণে তাঁরা নিঃস্ব ও জীবনযাপনে অসহায় হয়ে পড়ে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫ (ঘ) অনুচ্ছেদের আলোকে খাদ্য নিরাপত্তা ও জীবিকায়ন সচল রাখার জন্য মৎস্য অধিদপ্তরের অধীন নিবন্ধিত নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের আর্থিক সহায়তা প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করে। এ পরিপ্রেক্ষিতে ‘নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের আর্থিক সহায়তা প্রদান নীতিমালা, ২০১৯’ প্রণয়ন করা হয়। এ নীতিমালা সামাজিক নিরাপত্তা বেষ্টনী হিসাবে দারিদ্র দূরীকরণের মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট ও লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।



মোঃ রইছউল আলম মন্ডল

সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।